# সেনাপ্রাঙ্গণ হলরুম বুকিং এবং বাতিল এর নিয়মাবলী

১। অনুষ্ঠানাদির জন্য ভাড়ার টাকা ‘‘**সেনাপ্রাঙ্গণ**’’ এর অনুকূলে পে অর্ডার/নগদ এর মাধ্যমে পরিশোধ সাপেক্ষে সেনাপ্রাঙ্গন বুকিং করা যাবে ।

২। যদি কোন কারণ বশতঃ কেহ সেনাপ্রাঙ্গণ কননভেনশন হল বুকিং বাতিল করতে চান তাহলে নিম্নেবর্ণিত নীতিমালা প্রযোজ্য হবেঃ

ক। ৪৫ দিন পূর্বে বুকিং বাতিল করলে জমা কৃত টাকা হতে শতকরা ২০ ভাগ হিসাবে কর্তন করা হবে।

খ। ৩১-৪৪ দিনের মধ্যে বুকিং বাতিল করলে জমাকৃত টাকা হতে শতকরা ৩০ ভাগ হিসাবে কর্তন করা হবে।

গ। ০৮-৩০ দিনের মধ্যে বুকিং বাতিল করলে জমাকৃত টাকা হতে শতকরা ৫০ ভাগ হিসাবে কর্তন করা হবে।

ঘ। ০৭ দিন অথবা তার কম সময়ে বুকিং বাতিল করলে জমাকৃত টাকা হতে শতকরা ৮০ ভাগ হিসাবে কর্তন করা হবে।

ঙ। দিন খালী থাকা সাপেক্ষে গ্রহনযোগ্য বিশেষ কারণে বুকিং এর তারিখ পরিবর্তন করা যেতে পারে, তবে সেক্ষেত্রে সেনাপ্রাঙ্গণ কনভেনশন হল ব্যবহারকারীকে শতকরা ২০ ভাগ রিভেট প্রদান করতে হবে ।

৩। সরকারী প্রয়োজনে অথবা রাজনৈতিক পরিস্থিতির কারণে যে কোন বুকিং অথবা বরাদ্দ যে কোন মুহুর্তে বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সরকারী কাজের জন্য কর্তৃপক্ষ বুকিং বাতিল করলে কোন প্রকার ভর্তূকি কর্তন করা হবে না।

৪। বিবাহ, বৌভাত এবং এনগেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের ক্ষেত্রে বুকিং এর সময় বর এবং কনের বিস্তারিত তথ্য আবেদন পত্রের অনুচ্ছেদ ৭ এর উপঅনুচ্ছেদ ‘ক’এ লিপিবদ্ধ করতে হবে।

৫। সেনাপ্রাঙ্গণ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ব্যতিত অন্য কোন ব্যক্তি বুকিং রেজিষ্টারে নিজ হস্তে নাম লিপিবদ্ধ করতে পারবেন না।

৬। বিবাহ, বৌভাত এবং এনগেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের ক্ষেত্রে বুকিং এর সময় বর ও কণের বিস্তারিত তথ্য আবেদন পত্রের অনুচ্ছেদ ৭ এর উপঅনুচ্ছেদ ‘ক’এ উল্লেখিত কলামে লিপিবদ্ধ করতে হবে।

৭। সেনাপ্রাঙ্গণ বুকিং কেবলমাত্র হলরুম, অডিটোরিয়াম এবং কনফারেন্স রুম এ ব্যবহৃত আসবাবপত্র ও এসি ব্যবহারের মধ্যে সীমাবদ্ধ থাকবে ।

## বিশেষ নির্দেশাবলী

১। সেনাপ্রাঙ্গণ এর ব্যবহারকারীকে কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর কর্তৃক সরবরাহকৃত সেনাপ্রাঙ্গণ ব্যবহার এবং বুকিং এর নীতিমালা অবশ্যই মেনে চলতে হবে ।

২। অসম্পূর্ণ বা অসত্য তথ্য আবেদনপত্রে উল্লেখ করলে অথবা উল্লেখিত নির্দেশাবলী লংঘিত হলে কর্তৃপক্ষ সেনাপ্রাঙ্গণ ব্যবহার যে কোন মুহূর্তে বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৩। সেনাপ্রাঙ্গণ এর অনুষ্ঠান অবশ্যই ০৬ ঘন্টার মধ্যে শেষ করতে হবে। ৬ ঘন্টার অতিরিক্ত প্রতি ১ ঘন্টার জন্য ৪০,০০০.০০ টাকা করে অতিরিক্ত চার্জ প্রদান করতে হবে।

৪। সেনাপ্রাঙ্গণে কোন অনুষ্ঠানে কোন প্রকার আতশ বাজি বা পটকা ফুটানো যাবে না।

৫। সেনাপ্রাঙ্গণ এর কোন অনুষ্ঠানে ঘোড়া/গরুর গাড়ী ব্যবহার করা যাবে না। অনুষ্ঠান উপলক্ষ্যে আগত কোন অসামরিক ব্যক্তিবর্গের অননুমোদিত গাড়ী সেনানিবাসে প্রবেশ করতে পারবে না।

৬। ব্যবহার কালে সেনাপ্রাঙ্গণ বা তার আওতাধীন কোন সামগ্রীর কোনরুপ ক্ষতি সাধিত হলে ব্যবহারকারী উক্ত ক্ষতির জন্য সমুদয় মূল্য পরিশোধ অথবা অনুরুপ সামগ্রী পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন। নিরাপত্তা জামানত হিসাবে প্রত্যেক গ্রাহককে ৫০,০০০.০০ টাকা জমা প্রদান করতে হবে যা অনুষ্ঠান শেষে ফেরতযোগ্য।

৭। সেনাপ্রাঙ্গণ ব্যবহারকারীকে মেহমান আপ্যায়নে যানবাহনের সমাবেশ ৩২৫টির মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৮। সেনাপ্রাঙ্গণে যে কোন অনুষ্ঠানে ব্যান্ড পার্টি ব্যবহার করতে হলে হল কর্তৃপক্ষের নিকট হতে পূর্বানুমতি গ্রহন করতে হবে।

৯। সেনাপ্রাঙ্গণে বিশেষ অনুষ্ঠানাদিতে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে কেবলমাত্র অস্ত্রবিহীন ট্রাফিক পুলিশ নিজ উদ্যোগে নিয়োগ করা যেতে পারে। কোন অবস্থাতেই বেসরকারী অথবা ব্যক্তি মালিকানাধীন গার্ড নিয়োগ করা যাবে না। এ ব্যাপারে স্থানীয় মিলিটারি পুলিশের সাথে (আর্মি এম পি ইউনিট) যথেষ্ট পূর্বে সমন্বয় সাধন করতে হবে।

১০। সেনাপ্রাঙ্গণে টেবিল, চেয়ার ও টেবিল ক্লথ এবং অন্যান্য সামগ্রী ব্যবহারকারীগন নিজ ব্যবস্থায় সেনা প্রাঙ্গণের কেয়ারটেকার/স্টোরম্যানের নিকট থেকে বুঝে নেবেন এবং ব্যবহার শেষে নিজেদের লোকের মাধ্যমে সুষ্ঠুভাবে কেয়ারটেকার/স্টোরম্যানের নিকট ফেরত দিবেন । উক্ত দ্রব্যাদির কোনরুপ ক্ষতি সাধিত হলে ক্ষতিগ্রস্ত সামগ্রী অবিকল পরির্বতন করে দিতে অথবা সমুদয় মূল্য বহন করতে বাধ্য থাকবেন।

১১। সেনাপ্রাঙ্গণ ব্যবহারের পূর্বের দিন কোন প্রকার সামগ্রী সেনাপ্রাঙ্গণে আনয়ন বা ডেকোরেশনের কাউকে অবস্থান করতে দেয়া যাবে না।

১২। রান্না করা খাবার বহনকারী বাসনপত্র ব্যবহারের সময় মেঝে বা দেয়াল যাতে নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। ব্যবহারের সময় দেয়াল বা অন্যান্য আসবাবপত্র নষ্ট হলে বা দাগ পড়লে ব্যবহারকারী তা নিজ ব্যবস্থায় রং করে দিতে বাধ্য থাকবেন।

১৩। ব্যবহারকারী সেনাপ্রাঙ্গণ ব্যবহার শেষে নিজ দায়িত্বে ভবন এবং পারিপার্শ্বিক এলাকা পরিস্কার পরিচ্ছন্ন করবেন। অন্যথায় সেনাপ্রাঙ্গণের হল কেয়ারটেকার/স্টোরম্যানের সাথে যথাযথ সমন্বয়ের মাধ্যমে নিজ খরচে ব্যবহারকারী এই দায়িত্ব পালন করবেন।

১৪। সেনাপ্রাঙ্গণ চত্বর ব্যতীত অন্য কোন স্থানে রান্নাবান্না করা সম্পূর্ণরুপে নিষেধ। তবে বাহির হতে রান্না করা খাবার শর্ত সাপেক্ষে পরিবেশন করা যাবে, সে ক্ষেত্রে জনপ্রতি ৪০/- টাকা করে প্রদান করতে হবে ।

১৫। অনুষ্ঠানে আগত রাজনৈতিক ও বৈদেশিক মেহমানদের নিরাপত্তা ছাড়পত্র গ্রহনের নিমিত্তে সেনাপ্রাঙ্গণ থেকে প্রদানকৃত ফরম যথাযথ ভাবে পূরণ করে অনুষ্ঠানের কমপক্ষে ০১ মাস পূর্বে জমা দিতে হবে ।

১৬। সেনাপ্রাঙ্গণে কোন প্রকার অবাঞ্চিত/কালো তালিকাভূক্ত ব্যক্তিকে প্রবেশ করতে দেয়া হবে না ।

১৭। সেনাপ্রাঙ্গণের ভিতরে কোন বহিরাগত অস্ত্রধারী/গানম্যান প্রবেশ করতে পারবে না । তাদের জন্য গেট সংলগ্ন গার্ডরুমে বসা/আপ্যায়নের ব্যবস্থা থাকবে।

১৮। অনুষ্ঠান চলাকালীন ব্যক্তিগত সরঞ্জাম, মোবাইল ফোন, ব্যাগ, স্বর্ণালংকার, উপহারসামগ্রী বা অন্যান্য মূলবান সামগ্রী নিজ তত্ত্বাবধানে রাখতে হবে। এর কোন কিছু হারানো বা খোয়া গেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৯। অনুষ্ঠানে আগত মেহমান ও অপ্রাপ্ত বয়স্কদের দেখাশুনা ও তদারকির দায়িত্ব গ্রাহকের উপর ন্যাস্ত থাকবে।

২০। সেনাপ্রাঙ্গণের কোন কর্মচারী, মেসওয়েটার, নিরাপত্তা প্রহরী বা ক্যাটারিং সার্ভিস/ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিনিধির কোন ব্যত্যয় বা অশোভনীয় আচরণ কর্তৃপক্ষকে অবগত করতে হবে এবং কর্তৃপক্ষ এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ করবে। এ প্রেক্ষিতে নিজস্ব উদ্যোগে গ্রাহক কর্তৃক কোন অশোভনীয় আচরণ করা যাবে না।